

এ-বছর নিউ ইয়র্ক স্টেট ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ইএলএ) ও ম্যাথ পরীক্ষা অতীতে স্কুলবছরে যে-সময়ে অনুষ্ঠিত হতো তারচেয়ে পরে অনুষ্ঠিত হবে।
এ-বছরের পরীক্ষার সূচি সম্পর্কে নিচে বিভিন্ন প্রশ্নের জবাব দেয়া হয়েছে।

- আমার সন্তান এ-বছর কখন ইএলএ ও ম্যাথ পরীক্ষা দেবে?
এ-বছর ৩-৮ গ্রেডের শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেট ইএল পরীক্ষা এপ্রিল এবং ম্যাথ পরীক্ষা মে মাসে দেবে।

পরীক্ষা	তারিখ
ইএলএ	
গ্রেড ৩, ৫, ৭, ৮	এপ্রিল ২৬-২৭
গ্রেড ৪, ৬	এপ্রিল ২৬-২৮
ঘাটতি-পূরণ পরীক্ষা	এপ্রিল ২৭-মে ৫
ম্যাথ	
গ্রেড ৩, ৫, ৬, ৭, ৮	মে ৫-৬
গ্রেড ৪	মে ৫-৭
ঘাটতি-পূরণ	মে ৬-১৪

২০০৯-১০ পরীক্ষার পূর্ণাঙ্গ ক্যালেন্ডার নিচের ওয়েবসাইটে দেখা যাবে
<http://schools.nyc.gov/Accountability/YearlyTesting/TestAdministration/default.html>

- আমার সন্তান কি ঘাটতি-পূরণের তারিখে পরীক্ষা দিতে পারবে?
অসুস্থতা কিংবা জরুরি অবস্থাজনিত কারণে অনুপস্থিত থাকলেই কেবল শিক্ষার্থীরা ঘাটতি-পূরণের তারিখে পরীক্ষা দিতে পারে। ছেলেমেয়েরা যাতে উভয় পরীক্ষার দিনই স্কুলে উপস্থিত থাকে, এটি নিশ্চিত করার জন্য পরিবারগুলোর সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণ করা উচিত।
- আমার সন্তান এই স্কুল বছরে যা শিখবে, পরীক্ষার নতুন তারিখ কি তার উপর কোন প্রভাব ফেলবে?
না। স্টেটের অ্যাকাডেমিক মান, যেখানে প্রত্যেক গ্রেডে আপনার সন্তানের কী কী বিষয় জানতে হবে বলা আছে, তা পরিবর্তিত হয়নি। বরাবরের মত ইএলএ ও ম্যাথ পরীক্ষায় আপনার সন্তানের সেসব দক্ষতাই যাচাই করা হবে, যেগুলো পরীক্ষাগ্রহণের তারিখের সময়ে তার জানা থাকা উচিত। এ-বছর একটাই পার্থক্য করা হয়েছে, আর তা হলো পরীক্ষাগুলো স্কুলবছরের পরের দিকে গ্রহণ করা হচ্ছে। এই স্কুলবছরে আপনার সন্তান কী শিখছে সে-বিষয়ে আরও জানতে আপনার সন্তানের গ্রেডের বড়মাপের প্রত্যাশা গাইড দেখুন। বড়মাপের প্রত্যাশা গাইড দেখার জন্য আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন অথবা নিচের ওয়েবসাইট দেখুন
<http://www.nyc.gov/schools/Academics/Great+Expectations>.
- পরীক্ষার কাঠামো কি আগের বছরগুলোর মতই হবে?
হ্যাঁ।
- আমার সন্তানের পরীক্ষার নম্বর কবে পাওয়া যাবে?
আপনার সন্তানের পরীক্ষার নম্বর এই গ্রীষ্মে এআরআইএস প্যারেন্ট লিংকে (arisparentlink.org) লভ্য হবে বলে আশা করা হচ্ছে। এআরআইএস প্যারেন্ট লিংকে কীভাবে লগ ইন করতে হবে জানার জন্য আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।
- পরীক্ষার নতুন তারিখ কি পরবর্তী গ্রেডে প্রমোশনের শর্তে কোন প্রভাব ফেলবে?
না। আগের বছরগুলোর মতই যেসব শিক্ষার্থী স্কুলবছরে প্রমোশনের আদর্শমান পূরণ করবে না, তারা সামার স্কুলে যাবে এবং তাদেরকে গ্রীষ্মের শেষে একটি বিকল্প ইএলএ ও ম্যাথ পরীক্ষা দিতে হতে পারে। বরাবরের মতই আপনার সন্তানের প্রিন্সিপ্যাল এবং সুপারিনটেনডেন্টগণ পরের গ্রেডে প্রমোশন সংক্রান্ত চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।
- পরীক্ষার জন্য আমি কীভাবে আমার সন্তানকে তৈরি করতে পারি?
> আপনার সন্তান স্কুলের কাজ ও হোমওয়ার্ক সুসম্পন্ন করছে এবং বুঝতে পারছে এটি নিশ্চিত করুন।
> আপনার সন্তানের অ্যাকাডেমিক শক্তি ও দুর্বলতা এবং বাড়িতে তার লেখাপড়া আপনি কীভাবে জোরদার করতে পারেন জানতে আপনার সন্তানের শিক্ষকের সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখুন।
> স্কুলে আপনার সন্তানের অগ্রগতি জানতে এবং তার বাড়িতে সহায়তা প্রয়োজনের ক্ষেত্রে শনাক্ত করতে <http://arisparentlink.org> ঠিকানায় এআরআইএস প্যারেন্ট লিংক দেখুন।
> www.emsc.nysed.gov/3-8/parentguide/eng-webprint.pdf ঠিকানায় অনলাইনে ইএলএ ও ম্যাথ স্টেট টেস্টিং প্রোগ্রাম এর প্যারেন্ট গাইড পড়ুন। অনুগ্রহ করে মনে রাখবেন, পরীক্ষার নতুন তারিখ উল্লেখ করে এই গাইড এখনও পর্যন্ত হালনাগাদ করা হয়নি।